৩৭

দৈনিক সংবাদ

তারিখ 15 JUN 1998
পৃষ্ঠা ৬ কলাম ৭

### বগুড়ার প্রাথমিক শিক্ষাচিত্র

# সোয়া লাখ ছাত্রছাত্রী প্রাথমিক শিক্ষা থেকে বঞ্চিত

বগুড়া, ১৪ই জুন।– প্রয়োজনীয় শিক্ষকের অভাব, শিক্ষা সামগ্রীর সংকটসহ নানা কারণে বগুড়ার ১১টি থানা এলাকায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পড়ে এমন সোয়া ৪ লাখেরও বেশি ছাত্র ও ছাত্রীর লেখাপড়া বিঘ্নিত হচ্ছে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের একটি সূত্র জানিয়েছে, বগুড়ায় ৯শ' ৬১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যে ৪ লাখ ২৫ হাজার ৯৭ ছাত্র ও ছাত্রী লেখাপড়া করছে তাদের সবাই শিক্ষক সংকট, যোগাযোগ ব্যবস্থা ও শিক্ষাসামগ্রীসহ শিক্ষা গ্রহণে সংশ্লিষ্ট নানা ধরনের সুবিধার অভাবে ভালভাবে লেখাপড়া করতে পারছে না। বগুড়ায় ৯শ' ৬১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যে ৪ হাজার ৫৮টি শিক্ষকের পদ রয়েছে তার মধ্যে প্রধান শিক্ষকের পদসহ শিক্ষকের পদ শূন্য রয়েছে ৩শ' ১৯টি।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অন্য একটি সূত্র গত এপ্রিলে পাওয়া একটি প্রতিবেদন থেকে যে তথ্য দিয়েছে তাতে বলা হয়েছে, বগুড়া সদরে যে ১শ' ৮৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে তাতে সব মিলিয়ে শিক্ষকের পদ রয়েছে ৮শ' ৮৮টি। সদরে শিক্ষকের পদ শূন্য রয়েছে ২৬টি। আদমদিঘিতে ৬৭টি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের পদ রয়েছে ২শ' ৮৬টি, শিক্ষকের পদ শূন্য রয়েছে ২৭টি। কাহালুতে যে ৭৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে তাতে শিক্ষকের পদ রয়েছে ২শ' ৯৮টি, পদ শূন্য রয়েছে ১৮টি। গাবতলীতে ৯৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের পদ শূন্য রয়েছে ৩২টি। এ থানার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের পদ রয়েছে ২শ' ৭০টি। ধুনটে ৯৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যে ৩শ' ৬৪টি শিক্ষকের পদ রয়েছে তার মধ্যে শূন্য রয়েছে ২৬টি শিক্ষকের পদ। নন্দীগ্রামে ৬১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যে ২শ' ৪২টি শিক্ষকের পদ রয়েছে তার মধ্যে দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে ২০টি শিক্ষকের পদ। শিবগঞ্জে প্রধান শিক্ষকসহ ৪৬টি শিক্ষকের পদ শূন্য রয়েছে অনেকদিন ধরে। ঐ থানায় ১শ' ১টি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের পদ রয়েছে ৪শ' ১৩টি। শেরপুরে ১৯টি শিক্ষকের পদ ফাঁকা রয়েছে কয়েক মাস ধরে। বগুড়ার গুরুত্বপূর্ণ ঐ থানায় ৭৩টি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের পদ রয়েছে ৩শ' ১২টি। বগুড়ার পূর্বাঞ্চলের অভাবী এলাকা সারিয়াকান্দির ৮৩টি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের পদ রয়েছে ৩শ' ২১টি। ঐ থানায় প্রাথমিক বিদ্যালয়গুলোতে প্রধান শিক্ষকসহ শিক্ষকের পদ রয়েছে শূন্য রয়েছে ৪৬টি। ২৭টি শিক্ষকের পদ শূন্য রয়েছে সোনাতলায়। ঐ থানায় ১টি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকের পদ রয়েছে ২শ' ৬১টি।